

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১২১. কোন দন্তবিধি ছাড়াই কাউকে দশের বেশি বেত্রাঘাত করা

আবু বুরদাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ يُجْلَدُ أَحَدٌ فَوْقَ عَشَرَةٍ أَسْوَاطٍ ، إِلاَّ فِيْ حَدٍّ مِنْ حُدُودِ اللهِ

''কাউকে শরীয়তের কোন দন্ডবিধি ছাড়া শুধুমাত্র শাস্তি দেয়ার উদ্দেশ্যে দশের বেশি বেত্রাঘাত করা যাবে না''।[1] আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ تُعَزِّرُوا فَوْقَ عَشَرَةِ أَسْوَاطٍ

"তোমরা কাউকে দশ বেতের বেশি শাস্তি দিও না"। (ইবনু মাজাহ, হাদীস ২৬৫১)

>

ফুটনোট

[1] (বুখারী, হাদীস ৪৮৪৮ মুসলিম, হাদীস ১৭০৮ আবু দাউদ, হাদীস ৪৪৯১ তিরমিযী, হাদীস ১৪৬৩ ইবনু মাজাহ্, হাদীস ২৬৫০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11371

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন